মৃত্যুর মূল কারণ শরীরের জল শূন্যতা। তারা চেষ্টা করছিলেন এমন কোনো তরল আবিষ্কার করতে যা শিরায় প্রবেশ করিয়ে রোগীর দেহে জলের অভাব পূরণ করা যায়। তখনো পর্যন্ত চিকিৎসক দের ধারণা ছিল কলেরা অথবা অন্যান্য ডাইরিয়ার ক্ষেত্রে আমাদের খাদ্য নালীর সাল্য অবস্থা সম্পূর্ণ নষ্ট হয়ে যায়। এসময় মুখে কিছু খাওয়ানো রোগীর পক্ষে ক্ষতিকারক। ১৯২০ সাল নাগাদ ডাইরিয়ার চিকিৎসা হিসাবে শিরায় তরল চালানো প্রথম বিেষের দেশ গুলিতে শুরু হয়ে গেল। সে সময় ডাইরিয়া না কমা পর্যন্ত রোগীদের স্যালাইন চালিয়ে সম্পূর্ণ উপোষ করিয়ে রাখা হত। এর ফলে মৃত্যু হার কিছুটা কমলেও সন্তোষজনক ভাবে কমছিল না। কারণ অধিকাংশ ডাইরিয়া আক্রান্ত রোগীর বয়স ছিল পাঁচ বছরের নিচে। তাদের পাঁচ থেকে সাত দিন পর্যন্ত উপোষ করিয়ে রাখার ফলে তারা ভয়াবহ অপুষ্টির শিকার হত। ডাইরিয়া থেকে প্রাণে বাঁচলেও পরবর্তি কালে তারা বিভিন্ন রকম অপুষ্টি জনিত রোগে ভুগে মারা যেত। তাছাড়া হাসপাতালে থেকে এই চিকিৎসা ছিল অত্যন্ত ব্যয় সাপেক্ষ। তা ছিল কেবলমাত্র উচ্চ বিস্তের নাগালের মধ্যে। শিরায় যে তরল চালানো হত, তাও বিশেষ বিজ্ঞান সম্মত ছিল না। একেক হাসপাতালে একেক রকম তরল চালানো হত। কয়েক জায়গায় ডাইরিয়া রোগীদের রক্ত পর্যন্ত চালানো হত। যার ফলে হাস পাতালে ভর্তি রোগীদের মধ্যে মৃত্যুহার ছিল চল্লিশ থেকে পঞ্চাশ শতাংশ।

১৯৪০ সালে ডাক্তার ড্যানিয়েল ডারো বিভিন্ন ডাইরিয়া রোগীদের পায়খানায় জল ও নানা রকম ইলেক্ট্রোলাইটের পরিমাপ করে এক বিশেষ স্যালাইন প্রস্তুত করলেন। এই তরলে ছিল গ্লুকোজ, পটা শিয়াম এবং সোডিয়াম ক্লোরাইড। ডারো সাহেবের এই আবিষ্কারের পর হাসপাতালে ডাইরিয়ায় মৃত্যু হার অনেকটাই কমানো গেল। তিনি প্রথম ডাইরিয়ার ফলে দেহে অভ্যন্তরে জল ও অন্যান্য ইলেেক্ট্রোলাইটের যে পরিবর্তন হয়, তা পরিমাপ কর লরলেন। ফলে ডাইরিয়ার চিকিৎসাও অনেকটা বিজ্ঞান সম্মত হয়ে উঠল। কিন্তু তাঁর এই যুগান্তকারী আবিষ্কারের পরেও সারা বিশ্বে ডাইরিয়ায় মৃত্যু হারের বিশেষ পরিবর্তন হলো না। কারণ ডাইরিয়ার মহামারী মূলত হত তৃতীয় বিশ্বের দেশগুলোয়। সেখানে না ছিল ডারো সাহেবের স্যালাইন চালানোর উ পযুক্ত

বউবাজারের হালদার বাড়ির কালীপূজো

সপ্তর্ষি ঘোষ
বৌবাজার হালদার বাড়ির ঐতিহ্যময় কালীপূজো। আশ্বিন মাসে দুর্গাপূজো দিয়ে শুরু হয় বাঙালির উৎসব মরশুম। তারই অঙ্গ হিসাবে কার্তিক মাসের আমাবস্যায় কালীপূজো। কালী পূজো মানেই আলোর উৎসব। কালকে থ্রাস করেন বলেই তিনি কালী। দেবী কালিকা অশুভ শক্তিশানিশী। একদিকে তিনি



সমস্ত ধ্বংসলীলার কক্ৰী, অন্যদিকে সৃষ্টির বিজও তার মধ্যে প্রস্তুটিত আছে। জগতের সৃষ্টি আর ধ্বংসের যে লীলা প্রতিনিয়ত ঘটে চলেছে, তাকেই দেবী কালিকা সংযুক্ত করে রেখেছেন।

কলকাতা শহরে বেশ কিছু বৈদি পরিবার আছে, যারা নিষ্ঠা, ঐতিহ্য ও পরম্পরা বজায় রেখে প্রতিবছর কার্তিক মাসের আমাবস্যায় নিজ গৃহে শক্তি আরাধনায় ব্রতী ছন। মধ্য কলকাতার বৌবাজার অঞ্চলে ১৫ নম্বর রমানাথ কবিরাজ লেনের হালদার বাড়িতে কালীপূজোর সূচনা হয় ইংরেজি ১৭৫০ সালে। সুপ্রচািত করেন আদিপুরুষ লক্ষ্মীনারায়ণ হালদার। এবার এদের পূজো ২৭৬-তম বর্ষে পদাণ্ড করল। শুরু থেকে একই

ছিলেন রাখালদাস হালদার। ক্যালকাটা ক্লাবের প্রথম দশজন ভারতীয় সদস্যের মধ্যে অন্যতম ছিলেন রাখালদাসবাবু। হালদার পরিবারের পক্ষে নিসন্দেহে এটি শ্রাধার বিষয়। ১৯৪৩ সালে কলকাতায় প্রথম টেলিফোন সংযোগ দেওয়া হয় যে পঞ্চাশটি, তার মধ্যে একটি ছিল হালদার পরিবারের। সেটি এখনও সবস্বে রক্ষিত আছে। প্রাক্-স্বাধীনতা যুগে হালদার পরিবারের সদস্যদের স্বদেশী আন্দোলনে অংশগ্রহণের কথা জানা যায়। যাটের দশকে ভ্রদান যজ্ঞের সময়ে আচার্য বিনোবা ভাবে বেশ কিছুদিন হালদার বাড়ির দোতলায় অবস্থান করেছিলেন। দুর্গাপূজোর মহাষ্টমীতে প্রতিমার প্রতি পদ থেকে বস্ত্রীরা মধ্যে কাঠামোর কাঠ সংগ্রহ ও সূত্রধর দিয়ে কাঠামো তৈরী করে রাখা হয়। মহাষ্টমীতে কাঠামো পূজোর পর মুংশ্রীলীকে বায়না দেওয়া হয়। কোজাগরী লক্ষ্মী পূজো থেকে ঠাকুরদালানেই প্রতিমা তৈরী শুরু হয়। কুমোরটুলির একই পরিবারের শিল্পী তিনপুরুষ ধরে প্রতিমা তৈরী করছেন।

ডাকের সাজে সজ্জিতা দক্ষিণাকালী মূর্তি। কৃষ্ণনগর থেকে দুই জন্ম শিল্পী (বিজয় ঘোষ ও বাবুল বোস) এসে প্রতিমাকে সাজান, যে সাজ সতিই দুষ্টিনন্দন। শিল্পী বাবুল বোস পূর্বতন ইউনাইটেড ফার্ম এক ইন্ডিয়ার অবসরপ্রাপ্ত কর্মী। পিছনের চালচ্চিত্রও দর্শনীয়। হালদার বাড়ির কালীপূজোয় কিছু প্রাচীন প্রথা আজও বজায় আছে। পূজো শুরুর মুহূর্তে বাড়ির সব বৈদ্যুতিক আলো নিভিয়ে মণ্ডপ এবং সমস্ত বাড়িতে মোমবাতি জ্বলে দেওয়া হয়। সে এক অভাবনীয় দৃশ্যবায় পরিবেশ, চাক্ষু না করলে উপলব্ধি করা যায় না। আগে পশুবলির প্রথা থাকলেও ১৯৪৬ সাল থেকে বলি বন্ধ হয়ে

হাসপাতাল, না ছিল এই বিপুল সংখ্যক রোগীকে সামলানোর মত প্রচুর চিকিৎসক অথবা দক্ষ স্বাস্থ কর্মী।

অধিকাংশ মানুষের হাসপাতালে ভর্তি হয়ে এই চিকিৎসা গ্রহণের সুযোগ ছিলেন। তিনি তখন চিন্তা করেছিলেন তরল দিয়ে হাস পাতালের বাইরেও রোগিদের খুব কম খরচে সারিয়ে তোলা যাবে। তিনি এই তরল আবিষ্কার করতে পারেননি। ১৯৫৩ সালে ফিসার ও পার্সন সাহেব ইঁদুরের অঙ্গে গ্লুকোজের উ পর নির্ভরশীল সোডিয়াম ও জল শোষণের পদ্ধতি আবিষ্কার করলেন। কিন্তু তাঁরা চিকিৎসক ছিলেন না এবং ডাইরিয়ার চিকিৎসায় এই আবিষ্কারের যে বিশেষ ভূমিকা আছে সেটা তাঁরা বুঝতে পারেননি। এরপরে বিভিন্ন ব্যক্তি গ্লুকোজের উপর নির্ভরশীল সোডিয়াম পাম্প নিয়ে কাজ করতে লাগলেন। বৈজ্ঞানিক এবং চিকিৎসকেরা বুঝতে পারলেন ডাইরিয়ায় শরীরে জলের অভাব পূরণ করতে হলে পানীয়ে উপযুক্ত পরিমাণে গ্লুকোজ ও লবণ মেশাতে হবে।

১৯৬১ সালের সেপ্টেম্বর মাসে ফিলিপিন্সে কলেরা দেখা দিল। ডাক্তার ফিলিপস ম্যালীসা বিশ্বাস করতেন মুখে খাওয়া বিশেষ পানীয়ের মাধ্যমে কলেরার প্রতিরোধ করা সম্ভব। তিনি গ্লুকোজ ও সোডিয়াম ক্লোরাইডের মিশ্রণ পান করিয়ে কয়েক জন কলেরা রোগীকে সুস্থ করে তোলেন। বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গের ভয়াবহ অবস্থা। গ্রামের পর গ্রাম উজাড় হয়ে যাচ্ছে কলেরায়। লক্ষ লক্ষ মানুষ, বিশেষ করে শিশুরা মারা পড়ছে। ডাক্তার থিনাউ ডাক্তার হির্সকর্ন, ডাক্তার ডেভিড সাচার প্রমুখ উপস্থিত ছিলেন। বাঙালী ডাক্তার দিলীপ মহলানবিশের খ্যাতির মোহও ছিল না। অর্থের লোভও ছিল না। ওআরএস ব্যবহার করে অধিকাংশ রোগীরা সুস্থ হয়ে উঠল। কলকাতার ডাক্তার দিলীপ মহলানবিশ বনগা উদ্বাস্ত শিবিরে কলেরায় আক্রান্ত রোগীদের ওআরএস দিতে শুরু করেন। তিনি প্রচুর রোগীর চিকিৎসা করে তাঁদের সুস্থ করেছেন এবং প্রমাণ করেছেন এমারজেন্সির সময়ে ওআরএস কলেরার অবর্থ্য ওযুধ। সেই আবিষ্কারক বিজ্ঞানী ডাক্তার দিলীপ মহলানবিশকে নোবেল পুরস্কার কমিটি নোবেল দেয় নি। বর্ষিত করেছিল তাঁকে। তার নিয়ে তাঁর কোনও দ্বন্দ্বত ছিল না। তিনি বারোজন ডাক্তার ছিলে নয় মানুষের জীবনকে রক্ষা করাটা বড় কাজ।

বাংলায় শ্যামা সঙ্গীতের জনপ্রিয়তা রয়েছে

নিত্যানন্দ কর্মকার

বাংলায় শ্যামা সঙ্গীতের জনপ্রিয়তা রয়েছে। ভক্তগীতির পাশাপাশি শ্যামা সঙ্গীতও বাংলায় শ্রোতাদের মুগ্ধ করতে পেরেছে। বৈষ্ণব পদাবলী জনপ্রিয়তা লাভ করেছিল বড়ু চণ্ডীদাস, জয়দেব এবং শ্রীচৈতন্যের উদ্যোগে। ‘রামায়ণ’ গান এবং ‘মহাভারত’ পাঠ বাংলায় এসে উপস্থিত হয়েছিল। ‘রামায়ণ’ এবং ‘মহাভারত’ পাঠের পাশাপাশি বৈষ্ণব পদাবলী প্রভাব বিস্তার করে। বাংলায় বৈষ্ণব পদাবলীকে নিয়ে এসেছিলেন বড়ু চণ্ডিদাস এবং কবি জয়দেব। পরবর্তীকালে চৈতন্যদেব ব্যাপকভাবে বৈষ্ণব পদাবলী পণ্ডিতদের দিকে তেঁেৎসাহিত করেছিলেন। কিন্তু শাক্ত পদাবলী বাংলায় জনপ্রিয় ছিল। বিশেষ করে তন্ত্রসাধক রামপ্রসাদ সেন। গিরিশ সঙ্গীত রচনা করে বাংলা সঙ্গীত জগতে নতুন ধারার প্রভাবিত করলেন। শুধু তিনি নন পাশাপাশি কমলাকান্ত ভট্টাচার্য শ্যামা সঙ্গীত গেয়েছেন। তবে বেশি জনপ্রিয়তা লাভ করেছিলেন রামপ্রসাদ সেন। তাঁর গানে মুগ্ধ হয়ে কৃষ্ণনগরের দত্তস্বাধক রামপ্রসাদ সেন। গিরিশ সঙ্গীত রচনা করে বাংলা সঙ্গীত জগতে নতুন ধারার প্রভাবিত করলেন। শুধু তিনি নন পাশাপাশি কমলাকান্ত ভট্টাচার্য শ্যামা সঙ্গীত গেয়েছেন। তবে বেশি জনপ্রিয়তা লাভ করেছিলেন রামপ্রসাদ সেন। তাঁর গানে মুগ্ধ হয়ে কৃষ্ণনগরের মহারাজা কৃষ্ণচন্দ্র তাঁকে তাঁর রাজসভার কবি করে নিয়েছিলেন। চৈতন্যদেব যেমনভাবে বৈষ্ণব পদাবলীকে বাংলায় একটি অন্যতম সঙ্গীতের অংশ হিসাবে পরিচয় করিয়ে দিয়েছিলেন ঠিক তেমনি সাধক রামপ্রসাদ সেন শ্যামা সঙ্গীত গেয়ে বাংলার সঙ্গীতের ধারন বৈয়ে দিয়েছিলেন। এঁদের সঙ্গীতের মধ্যে বাউল এবং কীর্তনের সুর শোনা যেত। ‘আমি মন্ত্র তন্ত্র জানি নে মা’ – তান্ত্রিক পরিবারের সন্তান হয়েও রামপ্রসাদ সেন শ্যামা সঙ্গীতের মধ্যে দিয়ে মা কালীর ভজনা করতেন। পূজা অর্চনা তিনি করতে জানতেন না। সারাদিন সঙ্গীত রচনা করে সুর দিয়ে কৃষ্ণনগরের রাজসভাকে মুগ্ধ করে রাখতেন। তন্ত্র সাধনায় মন্ত্র পাঠে এর চেয়ে সঙ্গীত রচনার মধ্যে দিয়ে শ্যামার আরাধনা করার কথা উপলব্ধি করতে পেরেছিলেন সাধক রামপ্রসাদ সেন এবং কমলাকান্ত ভট্টাচার্য। তাঁরা যেমন সঙ্গীত রচনা করে গিয়েছিলেন তাকে আধুনিক রূপ দিয়ে গান গাইতে আরম্ভ করলেন পামালাল ভট্টাচার্য। বলা যেতে পারে শ্যামা সঙ্গীতের আধুনিক রূপকার হচ্ছেন পামালাল ভট্টাচার্য। ‘মা আমার সাধ না মিটিল, আশা না ফুরিল, সন্করই ফুরিয়ে যায় মা’- এই শ্যামা সঙ্গীতটি বাংলার ঘরে ঘরে এখনও শুনতে পাওয়া যায়। শ্যামা সঙ্গীত যে কীর্তন এবং বাউলের সুর ছিল তাকে একেবারে বাদ দিয়ে আধুনিক সুর দিয়ে শ্যামা সঙ্গীত গাইতে থাকলেন পামালাল ভট্টাচার্য। তাঁকে অনুসরণ করে তাঁর নিকট আত্মীয় ধনঞ্জয় ভট্টাচার্যও শ্যামা সঙ্গীত গেয়েছেন। তিনি

পাঠকদের দরবার ‘সঙ্গীত জগতে হেমন্ত’

দেবেন্দ্রনাথ বিশ্বাস

তোমার রেকর্ড, আর তুমি চূপ করে দাঁড়িয়ে আছো। দাও শুনি। হেমন্ত মুখার্জীর গল্প। সেই ১৯৩৭ সালের ডিসেম্বর। এক তরুণ ছেলোটি প্রথম নিজের গলা শুনলো রেকর্ডে। তখন কে জানত, এই ছেলোটিই একদিন বাংলা সংগীতের ইতিহাস বদলে দেবে! আজ আমরা ফিরে যাছি সেই শুরু দিনের কাহিনিতে-কীভাবে এক সাধারণ ছাত্র থেকে জন্ম নিলেন মহান শিল্পী, হেমন্ত মুখার্জী। যাদবপুরে পড়ার সময় হেমন্ত মুখার্জীর গানের রেওয়াজটা আবার বাড়ল। নতুন নতুন বন্ধু হল। গানে তাদের খুব উৎসাহ। কলেজের ফাংশানে তো তখন তিনি বাঁধা আর্টিস্ট। সেই সময় হেমন্ত মুখার্জীর বাবা একদিন বললেন, ‘কী রে, রেকর্ড করবি?’ এরপর বাবাই সব ব্যবস্থা করে দিলেন। বাবার বন্ধু শান্তি বসু তাঁকে নিয়ে গেলেন শৈলেশ্বর দত্তগুপ্তের কাছে। শৈলেশ দত্তগুপ্ত তখন কলম্বিয়া আর এইচ.এম.ভি-র নামকরা সুরকার। ওঁর সুরে তখন ছোটো বড়ো সবাই রেকর্ড করছে। ওঁরই সামনে তাঁকে গানের জগতে পাঠিয়ে দিলেন শৈলেশদা। একটা গান। ‘বল গো বল মোরে’। আর ইনি পুরো গান না শুনেই রায় দিয়ে দিলেন। তাঁকে ভালবেসে না তাঁর গলাকে ভালবেসে সেদিন বুঝতে পারেননি হেমন্ত মুখার্জী। বুঝেছিলেন অনেক পরে। কিন্তু সেই প্রথম দিন থেকেই উনি হয়ে গেলেন তাঁর ‘শৈলেশদা’। এর অনেক পরে একদিন শৈলেশদা তাঁকে বলেছিলেন, ‘মানুষকে বুঝতে যদিও বা আবার ভুল হয়, মানুষের প্রতিভা বুঝতে আমার কখনও ভুল হয় না।’ যাইহোক, রেকর্ডের জন্যে দুটো গান তাঁকে শিখিয়ে দিলেন শৈলেশদা। একটা গান; ‘বল গো বল মোরে’। আর অন্যটা; ‘জানিযে যদি গো তুমি’। দুটো গানই নরেশ্বর ভট্টাচার্যের ছেলোটাকে টেস্ট করে। গায় ভালো। ‘শৈলেশ দত্তগুপ্ত মশাই তাঁকে বললেন, ‘কী গান কর?’ আধুনিক? তা বেশ, গাও একটা।’ হারমোনিয়ামটা টেনে নিয়ে হেমন্ত

আধুনিক গানের শিল্পী থাকলেও তিনি শ্যামা সঙ্গীতকে বেশি করে প্রাধান্য দিতেন। স্বামী বিবেকানন্দ ঠাকুর রামকৃষ্ণদেবকে শ্যামা সঙ্গীত নিজের কণ্ঠে গেয়ে শোনাতেন। ঠাকুর নরেনের গলায় শ্যামা সঙ্গীত শুনতে খুব ভালোবাসতেন। দক্ষিণেশ্বরের নাটোবর নরেনকে ঘিরে বহু ভক্ত তাঁর গান শোনার জন্য অপেক্ষা করে থাকতেন। ঠাকুর রামকৃষ্ণদেব নরেনের গলায় শ্যামা সঙ্গীত শুনে কখনও কখনও বিভোর হয়ে যেতেন। শ্যামা সঙ্গীত গাইতেন মাম্মা দেব কাকা কানা কেষ্ট। কৃষ্ণচন্দ্র দে। তিনি দরাজ গলায় শ্যামা সঙ্গীত গেয়ে সঙ্গীতকে মুগ্ধ করে দিতেন। নাট্যকার গিরিশ ঘোষও শ্যামা সঙ্গীত রচনা করে ঠাকুর রামকৃষ্ণদেব এবং সারদা দেবীকে শোনাতেন। গিরিশ ঘোষ বহু নাটকে শ্যামা সঙ্গীত ব্যবহার করেছিলেন।

শ্যামা সঙ্গীত শুনতে সিস্টার নিবেদিতা খুব পছন্দ করতেন। স্বামী বিবেকানন্দ তাঁকে বলেছিলেন শ্যামা সঙ্গীতের মধ্যে দিয়ে মা কালীকে উপলব্ধি করা যেতে পারে। বিপ্রদীপের প্রধান পূজো ছিল কালী পূজো। কালী পূজো যেমন ডাকাভদরে পূজো ছিল ঠিক তেমনি আবার কালী ছিল বিপ্রদীপের মুখ্য দেবী। কাজী নজরুল বহু শ্যামা সঙ্গীত রচনা করেছিলেন। তিনি কিন্তু ইসলাম ধর্মাবলম্বী মানুষ বলেও হিন্দুদের বেবেদীয় নিয়ে বহু সঙ্গীত যেমন রচনা করেছেন পাশাপাশি তিনি আবার মা কালীকে একেবারে মানবী রূপ দিয়েছেন। মা কালীকে মানবী রূপ দিয়েছিলেন সাধক রামপ্রসাদ সেন এবং কমলাকান্ত ভট্টাচার্য। সেই হাখে অসল্লাল কবে পরবর্তীকালে সঙ্গীত শিল্পীরা বহু গান রচনা করেছেন। ‘দে মা আমার তবিলদারী, আমি নেকমহারাম নই মা শঙ্করী -এই সব গানের মধ্যে দিয়ে মা কালী একেবারে আপন করে নিয়েছিলেন বাংলার সঙ্গীতশিল্পীরা।

এক সময়ে আধুনিক গানের প্রভাবকে অতিক্রম করে শ্যামা সঙ্গীত বাংলায় প্রভাব বিস্তার করেছিল বলিষ্ঠ সঙ্গীত শিল্পীদের জন্য। মানবের মুখোপাধ্যায়ও বহু সময়ে আধুনিক গান ছাড়াও শ্যামা সঙ্গীত গেয়েছেন। কোকিল কবী সন্ধ্যা মুখোপাধ্যায়ও শ্যামা সঙ্গীত পরিবেশন করতেন শ্রোতাদের সামনে। আসলে শ্যামা সঙ্গীতটা বাংলার নিজস্ব ঘরনা। উচ্চাঙ্গের দ্বারা সঙ্গীত রচনা এবং তাতে সুর দিয়ে বাংলা তথা ভারতের সঙ্গীত জগতে বিশেষ স্থান অধিকার করে রয়েছে। বিহারের বহু স্থানে এখনও শ্যামা সঙ্গীত গাওয়ার রওয়াজ আছে। বহু মুসলমান শিল্পীরা শ্যামা সঙ্গীত পরিবেশন করতেন। বিশেষ করে সুকী সম্প্রদায়ের কবিরা।

জন্মদিনের পার্টিতে গুলিবিদ্ধ যুবক-পুলিশের জালে গ্রেপ্তার ১৪

নিজস্ব প্রতিনিধি, বহরমপুর, ১৭ অক্টোবর : জন্মদিনের পার্টিতে গুলিবিদ্ধ এক যুবক, ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে মুর্শিদাবাদের বহরমপুরে। পুলিশ তদন্তে নেমে এখনও পর্যন্ত ১৪ জনকে গ্রেপ্তার করেছে এবং আরও কয়েকজনের খোঁজ তল্লাশি চালাচ্ছে বহরমপুর থানার পুলিশ।। ঘটনার পেছনে মূল কারণ কী? তা জানতে ধৃতদের দফায় দফায় জিজ্ঞাসাবাদ চলছে। অপরাধিকে আহত যুবক মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। আহত ওই যুবকের নাম সৌরভ রায়। গত ১৫ অক্টোবর তাঁর জন্মদিন ছিল। স্থানীয় ফাঁসিতলা এলাকার একটি বাড়িতে জন্মদিনের পার্টির আয়োজন করা হয়েছে। সেখানে বন্ধুবান্ধব মিলিয়ে ২০ জনের বেশি আমন্ত্রিত ছিল বলে দাবি। জন্মদিনের পার্টি চলাকালীনই বন্ধুদের মধ্যে বচসা শুরু হয়। যা পরে ব্যাপক আকার নেই। তার মখেই এক যুবক হঠাৎ করেই বন্দুক বের করে গুলি চালায় বলে অভিযোগ। গুলি লাগে সৌরভের পায়ে। কোনওরকমে রক্ষা পান। যদিও গুরুতর অবস্থায় তাকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র উত্তেজনা ও আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় বহরমপুর থানার পুলিশ। ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে প্রথমে তিনজনকে গ্রেপ্তার করা হয়, পরে আরও ১১ জনকে আটক করে পুলিশ, যার ফলে মোট ধৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪। পুলিশ সূত্রে জানা গেছে, সবাই লালবাগের আমনিগঞ্জ এলাকার বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে একাধিক ধারায় মামলা রুজু করা হয়েছে। পাশাপাশি, আরও কেউ জড়িত আছে কিনা তাও তদন্ত করে দেখছে পুলিশ।

‘আমার পাড়া আমার সমাধান’ প্রকল্পে ব্যক্তিগত জমিতে রাস্তার কাজ! গলসিতে চাঞ্চল্য

সুজিত দত্ত, বর্ধমান, ১৭ অক্টোবর : ‘আমার পাড়া আমার সমাধান’ প্রকল্পের আওতায় ব্যক্তিগত জমিতে সরকারি ঢালাই রাস্তা তৈরির কাজ শুরু হওয়াকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে শুক্রবার পূর্ব বর্ধমানের গলসি ২ নং ব্লকের কুরকুবা গ্রাম পঞ্চায়েতে। অভিযোগ, জমির মালিকদের অনুমতি ছাড়াই ওই জমির উপর সরকারি প্রকল্পের কাজ শুরু হয়েছে। কুরকুবা মৌজার দাগ নম্বর ১৯২৭-এ সৈয়রা বেগম ও আব্দুল মাবুব মোল্লার নামে প্রায় পাঁচ শতক জমি রয়েছে। সেই জমির মধ্যেই প্রায় ৬০ ফুট লম্বা ও ১০ ফুট চওড়া ঢালাই রাস্তা তৈরির কাজ শুরু হয়। জমির মালিক খায়রুজামান মোল্লা ও সহিদুল মোল্লা জানান, আমাদের অনুমতি ছাড়াই সরকারি প্রকল্পের নামে ব্যক্তিগত জমিতে রাস্তা তৈরির কাজ চলছে। আমরা ইতিমধ্যেই বিষয়টি গলসি ২ নং ব্লকের বিডিও মৈত্রেয়ী ভৌমিকাকে লিখিতভাবে জানিয়েছি। বিডিও মৈত্রেয়ী ভৌমিক জানান, অভিযোগ পেয়েছি, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। প্রয়োজনে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। অন্যদিকে, রাস্তা নির্মাণের দায়িত্বপ্রাপ্ত ঠিকাদারকে ফোনে যোগাযোগ করা হলে তিনি অনুমতির কোনো নথি দেখাতে চাননি। পাশাপাশি, স্টক পরেন্ট থেকে আনা বালির বৈধতা নিয়েও প্রশ্ন উঠেছে এলাকায়। তবে স্থানীয় কিছু বাসিন্দার দাবি, রাস্তা না হলে অন্তত তিন-চারটি পরিবার চরম যাতায়াত সমস্যার মুখে পড়বে। কুরকুবা গ্রাম পঞ্চায়েতের প্রধান শেখ হেফজুর রহমান বলেন, আমাদের পাড়া আমাদের সমাধান প্রকল্পের কাজ স্থানীয় মানুষের দাবিতেই শুরু হয়েছে। কিন্তু ব্যক্তিগত জমির অভিযোগ এসেছে- আমি উভয়পক্ষকে নিয়ে আলোচনা করে সমস্যার সমাধান করার চেষ্টা করব। এদিকে ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক চাপানউতোরও শুরু হয়েছে। বিজেপি নেতা মৃত্যুঞ্জয় চন্দ্র বলেন, ব্যক্তিগত জমিতে অনুমতি ছাড়া রাস্তা তৈরি হচ্ছে। ঠিকানার কোনো বৈধ কাগজ দেখাতে পারেননি। আমাদের মতে ‘আমার পাড়া আমার সমাধান’ প্রকল্প আসলে ভোটারে আগে তৃণমূল নেতাদের কামান্নি পাইয়ে দেওয়ার একটি পথ। সরকারি প্রকল্পের কাজ ধিরে ব্যক্তিগত জমির মালিকানা প্রশ্নে জটিলতা তৈরি হওয়ায় এলাকাজুড়ে শুরু হয়েছে প্রবল বিতর্ক।

সল্টলেক সেক্টর ভি মেট্রো স্টেশনে আরও দুটি এএফসি-পিসি গেট খোলা হয়েছে

কলকাতা, ১৭ অক্টোবর : মেট্রো ব্যবহারকারীদের সুবিধার্থে সল্টলেক সেক্টর মেট্রো স্টেশনে আরও দুটি এএফসি-পিসি (স্বয়ংক্রিয় ভাড়া সংগ্রহ-যাত্রী নিয়ন্ত্রণ) গেট খোলা হয়েছে। এই নতুন গেটগুলি গ্রিন লাইনের যাত্রীদের সরাসরি প্রদত্ত এলাকা থেকে প্রদত্ত এলাকায় প্রস্থান করতে সক্ষম করবে এবং যাত্রীদের মসৃণ এবং অবাধ প্রবাহ নিশ্চিত করবে। এই দুটি নতুন এএফসি-পিসি গেট যুক্ত হওয়ার সাথে সাথে, সল্টলেক সেক্টর ভি মেট্রো স্টেশনে এখন ১৩টি স্মার্ট গেট কার্যকরভাবে ভিড নিয়ন্ত্রণের জন্য রয়েছে। এই ১৩ টি গেটের মধ্যে ৫ টি গেট একচেটিয়াভাবে প্রবেশের জন্য, ৬টি গেট একচেটিয়াভাবে প্রস্থানের জন্য এবং ২টি গেট দ্বিমুখী, যা টোকেন, স্মার্ট কার্ড এবং কিউআর কোড-ভিত্তিক টিকিট নিয়ে ভ্রমণকারী যাত্রীদের প্রবেশ এবং প্রস্থান উভয়ই সহজ করে তোলে। এই দুটি দ্বিমুখী গেটের মধ্যে একটি হলটেকসার- গামী যাত্রীদের জন্য নির্ধারিত, যাতে অ্যাক্সেসযোগ্যতা এবং আরাম নিশ্চিত করা যায়। যাত্রীরা এই গেটে তাদের মেট্রো টোকেন বা স্মার্ট কার্ড পাঞ্চ করতে পারেন। এছাড়াও, গেটগুলিতে কিউআর কোড স্ক্যানার রয়েছে, যার ফলে কিউআর কোড-ভিত্তিক টিকিটধারী যাত্রীরা স্টেশনে সহজেই প্রবেশ বা প্রস্থান করতে পারবেন। আমরা ‘AAMAR METRO’ নিয়ে গর্বিত। বুকিং কাউন্টারে দীর্ঘ লাইন এড়াতে, যাত্রীদের স্মার্ট কার্ড এবং মোবাইল কিউআর টিকিটের মতো ডিজিটাল টিকিটই পদ্ধতি ব্যবহার করার জন্য অনুপ্রেরণা করা হচ্ছে, যা Aamar কলকাতা মেট্রো অ্যাপের মাধ্যমে বা রিচার্জের সময় বুকিং করলে ৫ বোনাসছাড়ের সাথে আসে। যাত্রীদের যেকোনো সময় টিকিট বুক করতে বা তাদের স্মার্ট কার্ড রিচার্জ করতে এবং মূল্যবান সময় বাঁচাতে ‘Aamar কলকাতা মেট্রো’ অ্যাপটি ডাউনলোড করতে উৎসাহিত করা হচ্ছে।

প্রজ্ঞা মেইলের চতুর্থ বহুভাষিক জাতীয় কবি সম্মেলন, ২০২৫

নয়াদিল্লি, বিশেষ প্রতিনিধি, ১৭ অক্টোবর : প্রজ্ঞা মেইল বহুভাষিক জাতীয় কবি সম্মেলনের কমিটি বৈঠকের পরে, কমিটির সভাপতি ও প্রজ্ঞা মেইলের সম্পাদক অরুণ কুমার বর্মন একটি ঘোষণা জারি করেছেন যে, ২০ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রজ্ঞা মেইলের আয়োজিত একদিনের বহুভাষিক কবি সম্মেলন, ২০২৫, এবার বিভিন্ন কারণে ভিন্ন ধরনের হবে। এবার দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত বহুভাষিক কবিদের দ্বারা কবিতা পাঠ করা হবে। তবে অনুষ্ঠানে একযেয়েমি এড়াতে বিভিন্ন রাজ্যের আঞ্চলিক গানের ও সঙ্গীতেরও সুযোগ দেওয়া হবে। এতে নিম্নলি্ল দর্শকরা নাচ, সঙ্গীত, কাণ্ডোগিলি ইত্যাদি উপভোগ করতে পারবেন। অনুষ্ঠানটি দুটি পর্বে অনুষ্ঠিত হবে এবং প্রথম পর্ব অনুষ্ঠিত হবে সকাল ১০টা থেকে দুপুর ১.৩০টা পর্যন্ত, এবার দুপুর ২.৩০টা থেকে ৭.৩০ টার মধ্যে মধ্যাহ্নভোজন অনুষ্ঠিত হবে। দ্বিতীয় অধিবেশনে প্রধান অতিথি হিসাবে থাকবেন তাঁর মহিমা জোমান কোকা (গভর্নর, হস্তিশগড়) এবং কৃপানাহ মল্লাহ, প্রজ্ঞা মেইলের রক্ষক এবং আসামের সংসদ সদস্য, যারা সমস্ত অংশগ্রহণকারীকে বিশেষ স্বীকৃতির সঙ্গে সম্মানিত করবেন। জাতীয় উপদেষ্টার বক্তব্য অনুযায়ী, এইবার একটি সাংস্কৃতিক অনুষ্ঠান অন্তর্ভুক্ত করার উদ্দেশ্য হলো দেশের মধ্যে শান্তি এবং সম্ভাব প্রচার করা। কমিটি আলোকানায় মূলতঞ্চঃ জাতীয় উপদেষ্টা রত্নজ্যোতি দত্ত, সাগর সরকার (জাতীয় প্রচারক), দেবজ্যোতি রায় (জনসংযোগ), দীপক চৌধুরী (মূল আয়োজনকর্তা), আশিস মুরালাদানী (মঞ্চ আয়োজনকর্তা) প্রমুখরা ছিলেন। অনুষ্ঠানের নানা বিষয় নিয়ে আলোচনা করা হয়েছিল, বিশেষত বাজেট, সম্পদন, বিজ্ঞাপন এবং অনুষ্ঠানের সামগ্রিক রূপরেখার ওপর জোর দেওয়া হয়েছে।

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের প্রশিক্ষণ কেন্দ্রে অত্যাধুনিক কবচ ল্যাব মডেলের উদ্বোধন

মালিগাঁও, ১৭ অক্টোবর : পান্ডুর সিগন্যাল অ্যান্ড টেলিকম মেশ্পালাইজড ট্রেনিং সেন্টারে আজ



উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব একটি অত্যাধুনিক কবচ ল্যাব মডেলের উদ্বোধন করেন। এই উন্নত সুবিধাটি চালু হওয়া ভারতীয় রেলের সুরক্ষা, স্মার্ট এবং আরও নির্ভরযোগ্য ট্রেন পরিচালন যাত্রায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। কবচ, ৪ জুলাই ২০২০ তারিখে নেসনেল অটোমোটিক ট্রেন প্রোটেকশ্যান (এটিপি) সিস্টেম হিসেবে গৃহীত আধুনিক ভারতের দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ একটি দেশীয়ভাবে নির্মিত উন্নত সুরক্ষা প্রযুক্তি। এই সিস্টেমটি ট্রেনের সর্ধ্বর্ধ রোধ, সিগন্যালের দিক গুলি কন্ট্রোলভাবে মেনে চলা নিশ্চিত করার এবং সম্ভাব্য দুর্ঘটনা ছাড়াতে স্মার্কিভাভাবে ট্রেনের গতি নিয়ন্ত্রণ করার জন্য ডিজাইন করা হয়েছে। এটি শূন্য দূরটোনা মিশন অর্জনের জন্য ভারতীয় রেলওয়ের দু ট

কালিম্পংয়ের ১০ নম্বর জাতীয় সড়কে ভূমিধস, নাকাল পর্যটকরা

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৭ অক্টোবর : আবার ভূমিধস ১০ নম্বর জাতীয় সড়কে। একমুখী যান চলাচল জারি রয়েছে তবে তীব্র যানজটে নাকাল পর্যটকরা। চারদিন বন্ধ থাকার পর বৃহস্পতিবার চালু হতে তারখোলায় ভূমিধস নামে। পাহাড় ধসে বোম্ভার, মাটি গড়িয়ে নামায় জাতীয় সড়কের উভয় লেন বন্ধ হয়ে যায়। শুক্রবার সকালে ধস সরিয়ে যানবাহন চলাচল শুরু হলেও ২৯ মাইল গেইলখোলায় একমুখী করা হয়েছে। প্রশাসনের তরফে যানজট এড়াতে বিকল্প রুটে চলাচল করতে পরামর্শ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় তারখোলায় ভূমিধস নামে। তার আগে ১৩ অক্টোবর দুপুর থেকে ১৬ অক্টোবর বৃহস্পতিবার সন্ধ্যা পর্যন্ত চারদিন সেভক থেকে রংপুর পর্যন্ত ১০ নম্বর জাতীয় সড়কে সমস্ত যান চলাচল বন্ধ ছিল। ওপে পরিস্থিতিতে বৃহস্পতিবার সন্ধ্যায় জাতীয় সড়ক খুলেছে তাই বেশ আশায় ছিলেন স্থানীয় বাসিন্দা ও পর্যটকরা। কিন্তু ওইদিন সন্ধ্যাবেই১০ মাইলের তারখোলায় হুড়মুড়িয়ে পাহাড় ভেঙে সেটা জাতীয় সড়ক ফের অবরুদ্ধ হয়। জাতীয় সড়কের দু’পাশে গাড়ির দীর্ঘ লাইন পড়ে। রাতভর ধস সরানোর পর শুক্রবার সকাল থেকে একমুখী যান চলাচল শুরু হয়। তীব্র যানজটে নাকাল দশা হয় পর্যটকদের। মেল্লি, লাবারবোটািয় বিরাট যানজট ছিল। পুরকদের ঘুরপথে যাতায়াতের পরামর্শ দেয় প্রশাসন। অভিযোগ, শিলিগুড়ি থেকে সকালে রওনা হয়ে অনেক পর্যটক বিকেলেও গ্যাংটকে পৌঁছাতে পারেনি। রাজা হুকা ট্যুরিজম কমিটির চেয়ারম্যান রাজ বসু বলেন, বিকল্প রুটগুলোর পরিস্থিতি ভালো নেই। তাই যানজটার বদ্ব্যপ্তা লেগেই আছে। ভরা পর্যটন মরশুমে ১০ নম্বর জাতীয় সড়ক বারবার বন্ধ হবে তাবা যায় না।

কালীপুজো-দিওয়ালিতে বাজি পোড়ানোর সময় বেধে দিল পুলিশ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৭ অক্টোবর : দূষণ কমাতে কালীপুজো এবং দিওয়ালির সময় শব্দবাজি পোড়ানো রোধ করাই কলকাতা পুলিশের বড় চ্যালেঞ্জ। এই পরিস্থিতিতে পুলিশ ইতিমধ্যে নদরপারি বাড়িয়ে এবং একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে। পাশাপাশি, বাজি পোড়ানোর জন্য নির্দিষ্ট সময়সীমাও নির্ধারণ করা হয়েছে, যার বাইরে বাজি পোড়ালে শাস্তির ব্যবস্থা নেওয়া হবে। পুলিশ জানায় পুলিশের তরফে জানানো হয়েছে,আগামী সোমবার কালীপুজো ও দিওয়ালিতে রাত ৮টা থেকে ১০ টার মধ্যে বাজি পোড়াতে হবে। আগামী ২৮ অক্টোবর ছটপুজোয় সকাল ৬টা থেকে ৮টা পর্যন্ত বাজি পোড়ানো যাবে। নির্দিষ্ট সময়সীমার পর বাজি ফাটলে পেতে হবে শাস্তি। সুপ্রিম কোর্ট, কলকাতা হাই কোর্ট এবং রাজ্যের দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে প্রতিটি থানার অফিসার ইন চার্জকে পদক্ষেপ করার নির্দেশও দেওয়া হয়েছে। প্রসঙ্গত, ফানুস ও নিষিদ্ধ বাজির দাপটে লাগাম টানতে দীপাবলির প্রাক্কালে সারা রাজ্য জুড়ে শুরু হয়েছে পুলিশের চিড়নি তল্লাশি। লালবাজারের তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার পর্যন্ত মহানগরে ২৫৭২ কিলো নিষিদ্ধ শব্দবাজি ও বেআইনি আসবাবজি পুলিশ উদ্ধার করেছে। ২১টি মামলায় মোট চারজন গ্রেপ্তার। তারও আগে ২০ সেপ্টেম্বর থেকে ৯ অক্টোবর পর্যন্ত ৮ টি মামলায় তিনজনকে গ্রেপ্তার করে ৪২৫ কিলো বাজি উদ্ধার হয়। এখনও পর্যন্ত ২৯ টি মামলায় সাতজনকে গ্রেপ্তার করে ২৯১৬ কিলো নিষিদ্ধ বাজি উদ্ধার করা হয়েছে। পুলিশ সূত্রে খবর, বাজি বিক্রেতাদের হাতে সবুজ বাজি নির্মাতাদের তালিকা দেওয়া হয়েছে। তাঁরা যে বাজি তৈরি করবেন, শুধু সেগুলোই ব্যবহার করা যেতে পারে। কোনও দোকানো লুকিয়ে বা প্রকাশ্যে ফানুস বিক্রি না হয় তা নিশ্চিত করতে পুলিশ তল্লাশি চালাচ্ছে। লালবাজারের দাবি, ফানুস নিয়ে পুলিশ সতর্কতা ও সচেতনতা প্রচার শুরু করেছে। বৃহস্পতিবার থেকে ঢালা, ময়দান, বেহালা ও কালিকাপুরে বাজির বাজার শুরু হয়েছে। ঢালা বাজারে সাধারণ সম্পাদক শুভঙ্কর মাল্লা জানান, তাদের কাছে বাজি নির্মাতা ও বাজির তালিকা রয়েছে। সেই তালিকা অনুযায়ী, বাজির বাজারে শুধুমাত্র দূষণহীন সবুজ বাজি বিক্রি হচ্ছে।

হরিণঘাটায় গ্রেপ্তার	একাধিক চক্র
পূর্ব রেলওয়ে	
সংযোধনী - চিফ মোটরিয়ালস ম্যানেজার/সেলস, পূর্ব রেলওয়ে, ১৭, এন.এস. রোড, কলকাতা-৭০০০০১ কর্তৃক পূর্বে প্রকাশিত পূর্ব রেলওয়ের ২০২৫ বর্ষের অক্টোবর মাসের জন্য ই-অকশন কর্মসূচী সক্রান্ত বিজ্ঞাপন সম্পর্কিত সংযোধনী। বিইএসওয়াই, জামালপুর, হালিসহর, হাড়াডা ও শিয়ালদহ-এর ২০২৫ বর্ষের অক্টোবর মাসের জন্য ই-অকশন কর্মসূচিতে নিম্নলব্ধ কিছু আংশিক পরিবর্তন করা হয়েছে পায়ে এবং ডিপো ও ডিভিসনগুলির অন্যান্য তারিখগুলি অপরिवর্তিত থাকবে।	
ডিপো/ডিভিসন	অতিরিক্ত তারিখ
হালিসহর ডিপো	২৪.১০.২০২৫
হাড়াডা ডিভিসন	০৩.১০.২০২৫
শিয়ালদহ ডিভিসন	৩০.১০.২০২৫
বিইএসওয়াই ডিপো	৩১.১০.২০২৫
জামালপুর ডিপো	৩১.১০.২০২৫
(STORES-42/2025-26)	
টেজর বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.ec.indianrailways.gov.in/ www.reps.gov.in -এও পড়তে হবে	
আমাদের অনুসরণ করুন:  @EasternRailway  @easternrailwayheadquarter	

অবস্থার অনুকরণ করে, এই সুবিধাটি সিস্টেমের কার্যকারিতা, ক্রটি নির্ণয় এবং বিভিন্ন কবচ উপাদানগুলির মধ্যে সমন্বয়ের বোধগম্যতা বৃদ্ধি করবে। এই উদ্যোগটি রেলওয়ে কর্মীদের প্রযুক্তিগত দক্ষতা এবং প্রস্তুতি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে, যা নেটওয়ার্ক জুড়ে সুরক্ষা এবং আরও দক্ষ ট্রেন পরিচালনা নিশ্চিত করবে। এই উন্নত প্রশিক্ষণ কেন্দ্রটি চালু হওয়ার মাধ্যমে বিশ্বমানের রেল পরিকাঠামো এবং রেল পরিচালনের লক্ষ্যে ভারতীয় রেলের উদ্ভাবন, সুরক্ষা এবং দক্ষতা উন্নয়নের উপর অব্যাহত মনোযোগ আরও জোরদার হবে।

 The Assistant Engineer, PWD Hooghly Construction Sub Division No II, Arambagh, Hooghly invites Tender vide NIT No.-10/Sub-II of 2025-26 for 01(One) No Works from bonafied resourcefeful agency having technical and financial capability of performing the job. The details will be available in the office notice board and from office within office hour. Last date of application:- 03.11.2025. Last date of receiving tender paper-06.11.2025.Sd/- S. ChakrabortyAssistant Engineer (PWD)Hooghly Construction Sub Division No-II Arambagh, Hooghly
 KHIRPAI MUNICIPALITY KHIRPAI : PASCHIM MEDINIPUR Tender for- --"Construction of CC Road & Ghat at various site within Khirpai Municipal Area" eNIT No:- -WBMA/ULB/KM/APAS/25-26/NIT28 Last date of Submitting Bid:- 06-11-2025 up to 09.30 AM For details visit at https://wbttenders.gov.inSd/- ChairmanKhirpai Municipality
 Office of the Banharishpur Gram Panchayat Notice Inviting E-Tender Office of the Pradhan, Banharishpur Gram Panchayat under Panchla Development Block, Dist.-Howrah has invited E-Tender Notice. List of Tender Notice - 1) BGP/206/NleT-57/2025-26/15TH CFC SI No-01 Dated:-18/09/2025. Bid Submission end date(online) 28.10.2025 up to 16.00 Hrs. Time and Date for Opening of Technical Bids: 30.10.2025 at 16.00 Hrs.The details tender notice along with Tender Documents and others forms is available at http://wbttenders.gov.inSd/-PradhanBanharishpur Gram Panchayat
 KHIRPAI MUNICIPALITY KHIRPAI : PASCHIM MEDINIPUR Tender for- --"Construction of Public Toilet within Khirpai Municipal Area" eNIT No:- -WBMA/ULB/KM/APAS/25-26/NIT27 Last date of Submitting Bid:- 06-11-2025 up to 09.30 AM For details visit at https://wbttenders.gov.inSd/- ChairmanKhirpai Municipality
 OFFICE OF THE DAHAPARA GRAM PANCHAYAT UNDER MURSHIDABAD-JAGANJ DEV BLOCK PIRTALA, MURSHIDABAD, PIN-74302 e-mail: dahaparagp@gmail.comNOTICE INVITING Tender e-Tender are invited through online Bid System under Following Tender (NIT) No: 05/DGP/APAS/2025-26, Dated: 17-10-2025. The last date for OFFLINE submission of tender 30-10-2025 up to 12:00 Hours. For details please visit website https://wbttenders.gov.inMira Roy(Pradhan, Dahapara GP)

 KHIRPAI MUNICIPALITY KHIRPAI : PASCHIM MEDINIPUR Tender for- --"Construction of Public Toilet within Khirpai Municipal Area" eNIT No:- -WBMA/ULB/KM/APAS/25-26/NIT27 Last date of Submitting Bid:- 06-11-2025 up to 09.30 AM For details visit at https://wbttenders.gov.inSd/- ChairmanKhirpai Municipality
 OFFICE OF THE DAHAPARA GRAM PANCHAYAT UNDER MURSHIDABAD-JAGANJ DEV BLOCK PIRTALA, MURSHIDABAD, PIN-74302 e-mail: dahaparagp@gmail.comNOTICE INVITING Tender e-Tender are invited through online Bid System under Following Tender (NIT) No: 05/DGP/APAS/2025-26, Dated: 17-10-2025. The last date for OFFLINE submission of tender 30-10-2025 up to 12:00 Hours. For details please visit website https://wbttenders.gov.inMira Roy(Pradhan, Dahapara GP)

 KHIRPAI MUNICIPALITY KHIRPAI : PASCHIM MEDINIPUR Tender for- --"Repair and renovation of damaged Pry. School building within Khirpai Municipal Area" eNIT No:- -WBMA/ULB/KM/APAS/25-26/NIT30 Last date of Submitting Bid:- 06-11-2025 up to 09.30 AM For details visit at https://wbttenders.gov.inSd/- ChairmanKhirpai Municipality
 পূর্ব রেলওয়ে পূর্ব রেলওয়ে অ্যাডমিন ইউনিট/জোন : শিয়ালদহ ডিভিসন - কমাশিশাল পাবলিসিটি, ডিআরএম বিল্ডিং, কাইজার’স স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪। অকশন ক্যাটালগ নং : এমপিএস-এসডিএইচ-১৮-২৫। অকশন কর্তৃ পক্ষ : সিনিয়র ডিসিএম/এসডিএইচ। অকশন-শুরু (সেকন্ড কল) : ৩০.১০.২০২৫, দুপুর ১টা। অকশন বন্ধের তারিখ/সময় : ৩০.১০.২০২৫, দুপুর ২টা। অটো এন্ট্রান্সমেন্ট (জোন: ১২০ সেকেন্ড) অটো এন্ট্রান্সমেন্টের সীমা : ১২০ সেকেন্ড। প্রাথমিক কৃষ্ণি অফ সময়সীমা : ৩০ মিনিট। ক্রয়ন্যায়ীরা ষ্টব বন্ধের ব্যবধান : ১০ মিনিট। সর্বাধিক অটো এন্ট্রান্সমেন্ট : ১০ বার। সিস্টেমের নং, লট/ক্যাটাগরি, বিবরণ, লট বন্ধের তারিখ/সময় নিম্নলব্ধ : এএ/১, এমপিএস-এসডিএইচ-জিবিজি-এমপিএস-৩-২৫-১ (এমপিএস - মার্টি পারাপাস স্টল), ৫ বছরের জন্য পোয়ারডাল রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং ১-তে মার্টি পারাপাস স্টল (এমপিএস) (৫ ফুটx১০ ফুট) বর্বাদ করা, ৩০.১০.২০২৫ দুপুর ১.৩০। এএ/২, এমপিএস-এসডিএইচ-এইচএলআর-এমপিএস-২-২৫-১ (এমপিএস - মার্টি পারাপাস স্টল), ৫ বছরের জন্য হালিসহর রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং ২-তে মার্ট নং ৪১/২২-এর নিকট মার্টি পারাপাস স্টল (এমপিএস) (৫ ফুটx১০ ফুট) বর্বাদ করা, ৩০.১০.২০২৫ দুপুর ১.৪০। এএ/৩, এমপিএস-এসডিএইচ-এমজিটি-এমপিএস-৪-২৫-১ (এমপিএস - মার্টি পারাপাস স্টল), ৫ বছরের জন্য কালিডালা রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং ২-তে মার্টি পারাপাস স্টল (এমপিএস) (৫ ফুটx১০ ফুট) বর্বাদ করা, ৩০.১০.২০২৫ দুপুর ১.৪০। এএ/৪, এমপিএস-এসডিএইচ-এমজিটি-এমপিএস-৪-২৫-১ (এমপিএস - মার্টি পারাপাস স্টল), ৫ বছরের জন্য মরারহাট রেলওয়ে স্টেশনের বৃদ্ধি কালারিয়ার নিকট মার্টি পারাপাস স্টল (এমপিএস) (৫ ফুটx১০ ফুট) বর্বাদ করা, ৩০.১০.২০২৫ দুপুর ২টা। ইউনিটের হার : বার্ষিক লাইসেন্স ফি প্রতিটির জন্য। ন্যূনতম বৃদ্ধি (শেডাশে) : ০.২ প্রতিটির জন্য। লস্টে স্ট্যান্ডার : ড্রাকট ক্যাটালগে নতুন প্রতিটির জন্য। (SDAH-231/2025-26)
ওয়েবসাইট : www.ec.indianrailways.gov.in/ www.reps.gov.in -এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন:  @EasternRailway  @easternrailwayheadquarter

 পূর্ব রেলওয়ে পূর্ব রেলওয়ে অ্যাডমিন ইউনিট/জোন : শিয়ালদহ ডিভিসন - কমাশিশাল পাবলিসিটি, ডিআরএম বিল্ডিং, কাইজার’স স্ট্রিট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪। অকশন ক্যাটালগ নং : এমপিএস-এসডিএইচ-১৮-২৫। অকশন কর্তৃ পক্ষ : সিনিয়র ডিসিএম/এসডিএইচ। অকশন-শুরু (সেকন্ড কল) : ৩০.১০.২০২৫, দুপুর ১টা। অকশন বন্ধের তারিখ/সময় : ৩০.১০.২০২৫, দুপুর ২টা। অটো এন্ট্রান্সমেন্ট (জোন: ১২০ সেকেন্ড) অটো এন্ট্রান্সমেন্টের সীমা : ১২০ সেকেন্ড। প্রাথমিক কৃষ্ণি অফ সময়সীমা : ৩০ মিনিট। ক্রয়ন্যায়ীরা ষ্টব বন্ধের ব্যবধান : ১০ মিনিট। সর্বাধিক অটো এন্ট্রান্সমেন্ট : ১০ বার। সিস্টেমের নং, লট/ক্যাটাগরি, বিবরণ, লট বন্ধের তারিখ/সময় নিম্নলব্ধ : এএ/১, এমপিএস-এসডিএইচ-জিবিজি-এমপিএস-৩-২৫-১ (এমপিএস - মার্টি পারাপাস স্টল), ৫ বছরের জন্য পোয়ারডাল রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং ১-তে মার্টি পারাপাস স্টল (এমপিএস) (৫ ফুটx১০ ফুট) বর্বাদ করা, ৩০.১০.২০২৫ দুপুর ১.৩০। এএ/২, এমপিএস-এসডিএইচ-এইচএলআর-এমপিএস-২-২৫-১ (এমপিএস - মার্টি পারাপাস স্টল), ৫ বছরের জন্য হালিসহর রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং ২-তে মার্ট নং ৪১/২২-এর নিকট মার্টি পারাপাস স্টল (এমপিএস) (৫ ফুটx১০ ফুট) বর্বাদ করা, ৩০.১০.২০২৫ দুপুর ১.৪০। এএ/৩, এমপিএস-এসডিএইচ-এমজিটি-এমপিএস-৪-২৫-১ (এমপিএস - মার্টি পারাপাস স্টল), ৫ বছরের জন্য কালিডালা রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং ২-তে মার্টি পারাপাস স্টল (এমপিএস) (৫ ফুটx১০ ফুট) বর্বাদ করা, ৩০.১০.২০২৫ দুপুর ১.৪০। এএ/৪, এমপিএস-এসডিএইচ-এমজিটি-এমপিএস-৪-২৫-১ (এমপিএস - মার্টি পারাপাস স্টল), ৫ বছরের জন্য মরারহাট রেলওয়ে স্টেশনের বৃদ্ধি কালারিয়ার নিকট মার্টি পারাপাস স্টল (এমপিএস) (৫ ফুটx১০ ফুট) বর্বাদ করা, ৩০.১০.২০২৫ দুপুর ২টা। ইউনিটের হার : বার্ষিক লাইসেন্স ফি প্রতিটির জন্য। ন্যূনতম বৃদ্ধি (শেডাশে) : ০.২ প্রতিটির জন্য। লস্টে স্ট্যান্ডার : ড্রাকট ক্যাটালগে নতুন প্রতিটির জন্য। (SDAH-231/2025-26)
ওয়েবসাইট : www.ec.indianrailways.gov.in/ www.reps.gov.in -এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন:  @EasternRailway  @easternrailwayheadquarter

 Mirzapur Bankipur Gram Panchayat Mirzapur-Bankipur, Singur, Hooghly E-Tender are invited of Pradhan Mirzapur Bankipur GP for different schemes from Reputed Vendors, NIT Memo NO- 416/MB/2025-26/SBM(G) Dated: 14/10/2025, Bid Submission End Date(Online) 04-11-2025 at 4.00 Pm. Bid Opening Date(Technical) - 07-11-2025 at 10.00 am. Details are available at the Gram Panchayat Notice Board and website https://wbttenders.gov.in.Sd/- PradhanMirzapur Bankipur Gram Panchayat
 Office of the Block Development Officer e-TENDER NOTICE Digitally signed and encrypted e-Tender is invited from the eligible Bidder for online submission for tender reference no: 3665 & 3666/BDO, Singur dt. 16.10.25 for Construction of 63 nos. Civil works under APAS within Singur Development Block, Hooghly, WB. Last date for the online Bid submission is 10/11/25 & 11/11/25 respectively. Detail will be available at the website: www.wbtenders.gov.in (tender ID: 2025_ZPHD_926962_1 to 33) and 2025_ZPHD_927745 (1 to

গৃহস্থালী

কালীপুজোর মাটির প্রদীপ, আলপনায় ঘর সাজান এভাবে, রইল দারুণ টিপস

দীপাবলিতে কালীপুজো হয় বাংলায়। এই দিনে লক্ষ্মীপুজো হয় ভারতের বিভিন্ন প্রান্তে। তবে অনেক বাঙালি



ঘরেও এদিন লক্ষ্মীপুজোর প্রথা প্রচলিত। দীপাবলিতে যে লক্ষ্মীপুজো হয়, তাকে বলা হয় দীপাধ্বিতা লক্ষ্মী পুজো। এই পুজোয় ঘর থেকে অলক্ষ্মীকে বিদায় করে লক্ষ্মীকে বরণ করে নেয় গৃহস্থ। তাই এই লক্ষ্মীপুজোয় ঘরদোর ফিটফাট থাকা বাঞ্ছনীয়। দীপাবলি মানেই আলোর উসবা। আর প্রচলিত বিশ্বাস, দীপাধ্বিতা লক্ষ্মীপুজোয় মাটির প্রদীপে ঘর সাজালে দেবীর বিশেষ কৃপালাভ হয়। কীভাবে সাজাবেন? সংখ্যা প্রতিদিন ডট ইন-এ রইল মাটির

প্রদীপ, আলপনায় ঘর সাজানোর টিপস।

১) ঘর সাজাতে মাটির প্রদীপ বা

পারেন।

৩) প্রদীপ ঘরের কোনও একটা কোনায় রাখলে ভাল লাগবে। ধরুন, একটা কর্নার শুধু সাজালেন। বারোটা কি চব্বিশটা প্রদীপের সেট বসিয়ে ফুলের রঙ্গোলি করে দিলেন। কিংবা লক্ষ্মীপুজো মানেই বঙ্গবাড়ির অম্বরহমহল থেকে বারান্দাজুড়ে আলপনার বাহার। তার উপরও প্রদীপ সাজিয়ে দিতে পারেন।

৪) ঘরের ডাইনিং টেবিলে বা সেন্টার টেবিলেও ডিজাইনার মাটির প্রদীপ দিয়ে সাজাতে পারেন। কোনও বড় মূর্তি থাকলে, সেই মূর্তির চারধার দিয়েও আলো দিয়ে সাজান। তবে এই প্রদীপ জালিয়ে রাখলে ঘরের রোজকার আলো বন্ধ করে রাখুন। দেখবেন মায়াবী এক পরিবেশ তৈরি হবে। আর তার সঙ্গে ঠাকুরঘর থেকে ভেসে আসা ধূপ-কর্পুরের গন্ধ যেন এক আধ্যাত্মিক পরিবেশ সৃষ্টি করবে। ৫) এছাড়া, মোমবাতিরও প্রচুর বৈচিত্র এখন। যার মধ্যে ফ্লোটিং ক্যান্ডেল অন্যতম। ড্রয়িং রুমেয় মাঝখানে বড় একটা এথনিক পটে ফুলের পাণ্ডিট ছড়িয়ে ফ্লোটিং ক্যান্ডেল বসিয়ে দিতে পারেন। এছাড়াও কিছু প্রদীপে তেলের বদলে মাছ ছেড়ে দেওয়াটা বোকাশো। তাই একবারে শিখরে পৌঁছনোর চেষ্টা না করে একটা করে ধাপ এগোন।

৬. সময় যে কোনও মানুষের কাছে সব থেকে গুরুত্বপূর্ণ সম্পদ। সফল ব্যক্তিত্বরা কখনই সময় নষ্ট করেন না। তাই সাফল্যের শিখরে পৌঁছতে হলে সময়ের যথাযথ ব্যবহার করুন।

৪. শেখার কোনও শেষ নেই। জীবনের শেষদিন পর্যন্ত কিছু না কিছু শেখার সুযোগ মেলে। তাই কখনই ‘ জেনে গিয়েছি’ এই ধারণা জন্মাতো যেনে না নিজের মনে। তাহলেই বিপদে পড়বেন।

৫. আপনার চারপাশের মানুষ কেমন, সাফল্যের সঙ্গে তার সম্পর্ক অত্যন্ত গভীর। ঘনিষ্ঠরা যদি ইতিবাচক মানসিকতার না হন, তাহলে তার সংস্পর্শ আপনার মনোবল ভেঙে দিতে পারে। তাই চেষ্টা করুন, ইতিবাচক মানুষদের কাছে থাকতে।

সাফল্যের শিখরে যেতে আজ থেকেই মেনে চলুন এই টিপসগুলো



সাফল্যের শিখরে পৌঁছতে কে না চায়! কিন্তু চাইলেই তো সব স্বপ্ন পূরণ হয় না। তার জন্য মেনে চলতে হয় বেশ কিছু জিনিস। চেষ্টায় খামতি বা পদ্ধতিতে ত্রুটি থাকলে হাজারও চেষ্টাতেও ধরা দেয় না গগনচুম্বী সাফল্য। চলুন আজ জেনে নেওয়া যাক সাফল্যের শিখরে পৌঁছতে অব্যর্থ টিপসগুলো।

১. সফল ব্যক্তিরা কখনই সকালের সময়টা নষ্ট হতে দেন না। তারা দিনের শুরুতেই ২৪ ঘণ্টার পরিকল্পনা সেয়ে ফেলেন। তারপর সেই মোতাবেক কাজ করেন। সফল হতে হলে একই পন্থা অবলম্বন করুন আপনিও। দিনের শুরু মেডিটেশন বা ব্যায়াম করতে পারেন। সেই সঙ্গে সাজিয়ে ফেলুন গোটা দিনের রুটিন। লক্ষ্য স্থির রাখতে অনেকের দিনের শুরুর প্রথম ৩০ মিনিট বা ১ ঘণ্টা ফোনের কাছেও যান না। এটা খুব ভালো অভ্যাস। মনে রাখবেন, সকালের শুরুটা ভালো হলে বাকিটাও সুন্দর হয়ে যায়।

২. যে কোনও কিছুই নিখুঁত বা পারফেক্ট হওয়া প্রয়োজন। তবে পারফেক্ট করার অপেক্ষায় কোনও কিছু থেকে পিছিয়ে আসা কখনও সফল ব্যক্তিদের আচরণ হতে পারে না। বড় মাছ ধরার আশায় ছোট মাছ ছেড়ে দেওয়াটা বোকাশো। তাই একবারে শিখরে পৌঁছনোর চেষ্টা না করে একটা করে ধাপ এগোন।

৩. সময় যে কোনও মানুষের কাছে সব থেকে গুরুত্বপূর্ণ সম্পদ। সফল ব্যক্তিত্বরা কখনই সময় নষ্ট করেন না। তাই সাফল্যের শিখরে পৌঁছতে হলে সময়ের যথাযথ ব্যবহার করুন।

৪. শেখার কোনও শেষ নেই। জীবনের শেষদিন পর্যন্ত কিছু না কিছু শেখার সুযোগ মেলে। তাই কখনই ‘ জেনে গিয়েছি’ এই ধারণা জন্মাতো যেনে না নিজের মনে। তাহলেই বিপদে পড়বেন।

৫. আপনার চারপাশের মানুষ কেমন, সাফল্যের সঙ্গে তার সম্পর্ক অত্যন্ত গভীর। ঘনিষ্ঠরা যদি ইতিবাচক মানসিকতার না হন, তাহলে তার সংস্পর্শ আপনার মনোবল ভেঙে দিতে পারে। তাই চেষ্টা করুন, ইতিবাচক মানুষদের কাছে থাকতে।

চটজলদি খাবার টেবিলের ভোল পালটে ফেলুন

বাড়ির খাবার টেবিলে বহু রকমের জিনিস সাজিয়ে রেখে দেওয়া, এই ছবি কমবেশি প্রায় সব বাড়িতেই দেখা যায়। খাবার টেবিলে ভিড় করে রয়েছে আচারের শিশি, জলের বোতল, খালা, গ্লাস, নুন-গোলমরিচের কৌটো ইত্যাদি। আর খাবার টেবিলে এত পরিমাণে জিনিস রাখার ফলে আপনার খাবার খাওয়ার সময় টেবিলে জায়গা বের করে খাবারের প্লেট সাজিয়ে বসা হয় দুস্থর। জেনে নিন এই সমস্যা থেকে কীভাবে মুক্তি পাবেন। জানুন খাবার টেবিলের সাজকৌশল।
প্রথমেই যা করতে পারেন তা হল একসেয়ে ভাব কাটাতে পালটে ফেলুন খাবার টেবিলের মাট ও কোস্টার। বিশেষ করে উসবের দিনগুলতে খাবার টেবিলের ভোল এভাবে পালটে ফেলার চেষ্টা করুন বিশেষভাবে। তাহলে পরিবারের সঙ্গে খেতে বসে একসেয়ে লাগবে না আপনার সাযের খাবার টেবিল। টেবিলকে একটু অন্যভাবে সাজাতে ছোট পাঞ্চে কোনও ইনডোর প্ল্যান্ট রাখতেই পারেন। এক টুকরো সবুজের ছোঁয়ায় পালটে যাবে একসেয়ে খাবার টেবিলের ভোলা। চাইলে গাছের বদলে সুগন্ধী মোম বা ফুলও রাখতে পারেন। চাইলে টেবিলের মাঝখানে রাখতে পারেন কাঠ বা মাটির তৈরি কোনও শো-পিস বা অল্পস্বল্প ক্রকারি বা কার্টলারি সেট। টেবিল সাজানোর সময় যেন বেশি জিনিস দিয়ে টেবিল সাজাবেন না।

দীপাবলি এবং ছট উৎসবে বেশ কয়েকটি বিশেষ ট্রেন

গোরখপুর, ১৭ অক্টোবরঃ আসন্ন দীপাবলি এবং ছট উৎসবে যাত্রীদের সুবিধার্থে রেল প্রশাসন বেশ কয়েকটি বিশেষ ট্রেন পরিচালনা করছে। ১৭ অক্টোবর, ২০২৫ তারিখের সন্ধ্যা পর্যন্ত অক্টোবর মাসের জন্য এই বিশেষ ট্রেনগুলির জন্য বার্ষিকিটের প্রাপ্যতা নিম্নরূপ-
২৪ অক্টোবর, ২০২৫ তারিখে ছাপরা থেকে ছেড়ে যাওয়া ০৫০৪৯ ছাপরা-অমৃতসর পূজা স্পেশাল ট্রেনে এসি III ইকোনমি ক্লাসে ৫৭১টি বার্থ পাওয়া যাবে।-
২০ অক্টোবর, ২০২৫ তারিখে ছাপরা থেকে ছেড়ে যাওয়া ০৪৬০৭ ছাপরা-অমৃতসর পূজা স্পেশাল ট্রেনে এসি III ইকোনমি ক্লাসে ৫৬২টি এবং স্লিপার ক্লাসে ২৬৬টি বার্থ পাওয়া যাবে।২৭ অক্টোবর, ২০২৫ তারিখে এসি III ইকোনমি ক্লাসে ৪৪৪টি এবং স্লিপার ক্লাসে ৫৮টি বার্থ পাওয়া যাবে।-
গোরখপুর থেকে চলাচলকারী ০৫৬০৪ গোরখপুর-নারদী পূজা স্পেশাল ট্রেনে ২৪ অক্টোবর, ২০২৫ তারিখে স্লিপার ক্লাসে ৬৫৮টি এবং ৩১ অক্টোবর, ২০২৫ তারিখে স্লিপার ক্লাসে ৬৩৭টি বার্থ পাওয়া যাবে।-
২৬ অক্টোবর, ২০২৫ তারিখে মাউ-আহালা ক্যাঃট পূজা স্পেশাল ট্রেনে এসি II টিয়ারে ৫৫টি, এসি III টিয়ারে ২২০টি এবং এসি III ইকোনমি ক্লাসে ৬৪টি বার্থ পাওয়া যাবে।

আইএমএফের প্রশংসায় ভারত, এদিকে ফের ঋণের খোঁজে দুর্দশাগ্রস্ত পাকিস্তান

১৭ অক্টোবর : আন্তর্জাতিক অর্থনৈতিক তহবিল আইএমএফ ভারতের অর্থনৈতিক শক্তি ও স্থিতিশীলতার সঙ্গে পাকিস্তানের ক্রমাগত আর্থিক নিভরতার একটি স্পষ্ট পার্থক্য তুলে ধরছেন। যেখানে ভারতকে স্থিতিশীল ও সংস্কারমুখী অর্থনীতির উদাহরণ হিসেবে অর্চিত করা হয়েছে, সেখানে পাকিস্তানকে বাঁচাতে ১.২ বিলিয়ন ডলারের স্টাফ-লেভেল চুক্তি নিশ্চিত করা হয়েছে। আইএমএফ ভারতের ২০২৫-২৬ অর্থবছরের অর্থনৈতিক গতিশীলতা ৬.৬ শতাংশ ধরে রেখেছে। আইএমএফের ম্যানেজিং ডিরেক্টর ক্রিস্টালিনা জর্জিয়েভা বলেন, ভারত বহু সমালোচককে ভুল প্রমাণ করেছে। সাহসী সংস্কার, ডিজিটাল উদ্ভাবন এবং আর্থিক শৃঙ্খল একত্রিত হয়ে দেশের অর্থনীতিকে অতর্ভূজিৎমূলক ও সুষম উন্নয়নের পথ দেখিয়েছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, ভারতের ঘরোয়া চাহিদা, বিনিয়োগ ও ডিজিটাল অবকাঠামো দেশের অর্থনীতিকে দৃঢ়ভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে। অধার আর্থিকস্টেম এবং ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস উদীয়মান অর্থনীতির জন্য আর্থনিকায়নের মডেল হিসেবে স্বীকৃতা। বিশ্ব বাণিজ্যে উত্তেজনা ও শুল্ক মুক্তির সতর্কতা সত্ত্বেও, ভারতের ম্যাক্রোফাউন্ডেটালস দৃঢ়, মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে এবং মনিটারি নীতি সঠিকভাবে খোঁজে রেখেছে। এদিকে, পাকিস্তান আইএমএফের কাছে পুনরায় ঋণের পাঁচোড়ে রয়েছে। ১৪ অক্টোবর আইএমএফ পাকিস্তানের সঙ্গে ১.২ বিলিয়ন ডলারের স্টাফ-লেভেল চুক্তি করেছে, যার মধ্যে ১ বিলিয়ন এক্সটেন্ডেড ফান্ড ফ্যাসিলিটি থেকে এবং ২০০ মিলিয়ন রেজিলিয়েন্স অ্যাক্স সাপোর্টেইনবিলিটি ফ্যাসিলিটি থেকে। আইএমএফের মতে, পাকিস্তানের প্রোগ্রামের লক্ষ্য ম্যাক্রো অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করা এবং বাজারে আস্থা পুনঃস্থাপন করা।

ভারতের সঙ্গে সম্পর্ক নষ্ট করেছে ট্রাম্প, তুলোখনা প্রান্তন মার্কিন রাষ্ট্রদূতের

১৭ অক্টোবর : নোবেলের প্রতি লোভের কারণেই ভারতের সঙ্গে সম্পর্ক নষ্ট করেছেন আমেরিকার প্রেসিডেঃট ডোনাল্ড ট্রাম্প। এমনটাই দাবি করলেন প্রান্তন মার্কিন রাষ্ট্রদূত তথা ডেমোক্রাট নেতা রহম ইমানুয়েল। পাশাপাশি, পাকিস্তানের সঙ্গে তাঁর সখ্যতাকেও কটাক্ষ করেছেন প্রান্তন মার্কিন রাষ্ট্রদূত। রহম বলেন, ভারতের সঙ্গে দীর্ঘ ৪০ বছরের মৈত্রীর বন্ধন এক নিমেষেই ভেঙে দিয়ে সম্পর্ক নষ্ট করেছেন মার্কিন প্রেসিডেন্ট। এর নেপথ্যে একটিই কারণ রয়েছে। পাকিস্তানের সঙ্গে সংঘর্ষবিরতির কৃতিত্ব ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁকে দেননি। পাশাপাশি, নোবেলের জন্যও ট্রাম্পের নাম সুপারিশ করেননি তিনি। তাই রাগের বশে তিনি ভারতের সঙ্গে সম্পর্ক নষ্ট করেছেন। প্রান্তন মার্কিন রাষ্ট্রদূতের দাবি, ট্রাম্পের ঘনিষ্ঠ সহযোগী স্টিভ উইটকফের ছেলে জ্যাকের সঙ্গে মিলে তিনি পাকিস্তানে রীতিমতো ব্যবসা করেছেন। চলতি বছরে উইটকফ পাকিস্তান ক্রিপ্টো কাউন্সিলের সঙ্গে একটি চুক্তি করেছেন। আর উইটকফের এই সংস্থায় শেয়ার রয়েছে ট্রাম্পের দুই ছেলে এবং জমাইয়ের। মনে করা হচ্ছে, এই বিষয়টির দিকেই ইঙ্গিত করেছেন রহম। প্রসঙ্গত, ভারত-পাক সংঘর্ষবিরতি কৃতিত্ব একাধিকবার দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট। সংঘর্ষবিরতির দিন থেকেই এই বিষয়ে কৃতিত্ব দাবি করে আসছেন ট্রাম্প। যদিও ভারত সরকারের একাধিক প্রতিনিধি, এমনকী খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পর্যন্ত দ্বিপাক্ষিক যুদ্ধবিরতির কথাই বলেন। তৃতীয়পক্ষ মধ্যস্থতা করেননি বলেও জানান। এমনকী সম্প্রতি ফোনেও ট্রাম্পকে সেকথা সরাসরি স্পষ্ট করে দেন মোদি। তারপরেও বিভিন্ন আন্তর্জাতিক এই দাবি করছেন মার্কিন প্রেসিডেন্ট।

ভারতের ভোক্তা সুরক্ষার যথার্থ প্রহরী

১৭ অক্টোবরঃমূল বিষয়বস্তু- জুলাই ২০২৫-এ জাতীয় ভোক্তা হেল্পলাইন ৭,২৫৬-টি ভোক্তা অভিযোগ নিষ্পত্তি করে ২.৭২ কোটি টাকা ফেরত দিতে সাহায্য করেছে।- ই-কমার্স ক্ষেত্রে সর্বাধিক অভিযোগ নিষ্পত্তি হয়েছে, ১.৩৪ কোটি টাকার রিফান্ড প্রদান করা হয়েছে।- জাতীয় ভোক্তা হেল্পলাইন ‘সংস্কার ২০২৫’ সংক্রান্ত মোট ৬,৯৮১-টি কল পেয়েছে যার মধ্যে ৩১ ছিল প্রশ্ন এবং ৬৯ অভিযোগ।- কল ভলিউম দশগুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে, ডিসেম্বর ২০১৫-তে ১২,৫৫৩ থেকে বেড়ে ডিসেম্বর ২০২৪-এ দাঁড়িয়েছে ১,৫৫,১৩৮-এ।- মাসিক অভিযোগ নিবন্ধনের গড় সংখ্যা ২০১৭-র ৩৭,০৬২ থেকে ২০২৫-এ বৃদ্ধি পেয়ে হয়েছে ১,৭০,৫৮৫।- কনভারজেন্স পোর্টালের সংখ্যা ২০১৭-র ২৬৩ থেকে সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত বেড়ে হয়েছে ১,১৪২। ভূমিকাঃ এগুলো শুধু বিচ্ছিন্ন সাফল্যের গল্প নয়, বরং স্পষ্ট প্রমাণ যে জাতীয় ভোক্তা হেল্পলাইন সাধারণ নাগরিকদের জন্য এক জীবনরেখা হিসেবে কাজ করছে। জাতীয় ভোক্তা হেল্পলাইন হল ভোক্তা বিষয়ক দ্রুততার একটি প্রধান উদ্যোগ, যার উদ্দেশ্য ভোক্তাদের দিকনির্দেশনা প্রদান, অভিযোগ নিষ্পত্তি করা এবং তাঁদের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। এটি consumerhelpline.gov.in পোর্টালের মাধ্যমে পরিচালিত হয়, যা একটি একীভূত অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা হিসেবে কাজ করে। এই প্ল্যাটফর্মটি ভোক্তা, সরকারি সংস্থা, নিয়ন্ত্রক সংস্থা, গন্ব্যভসম্যান, কোম্পানি এবং কল সেন্টারগুলিকে একটি অভিন্ন ব্যবস্থায় সংযুক্ত করে।এই ব্যবস্থার মাধ্যমে ভোক্তারা অনলাইনে অভিযোগ নথিভুক্ত করতে পারেন এবং বিচারপূর্ব স্তরেই তার নিষ্পত্তি চাইতে পারেন। যদি তাঁরা তাতে সন্তুষ্ট না হন, তবে ভোক্তা কমিশনের দ্বারস্থ হওয়ার সুযোগ রয়েছে। এই পোর্টালটি নাগরিকদের অধিকার রক্ষার পাশাপাশি, তাঁদের দায়িত্ব সম্পর্কে অবহিত করার একটি জ্ঞানভিত্তিক প্ল্যাটফর্ম হিসেবেও কাজ করে।ভোক্তা অভিযোগ নিষ্পত্তিতে অগ্রগতিপ্রযুক্তির সমর্থনধার জাতীয় ভোক্তা হেল্পলাইনের পরিধি ও কার্যকারিতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে। কল ভলিউম বা কলের সংখ্যা দশগুণেরও বেশি বেড়েছে, ডিসেম্বর ২০১৫-তে যেখানে সংখ্যা ছিল ১২,৫৫৩, তা বেড়ে ডিসেম্বর ২০২৪-এ হয়েছে ১,৫৫,১৩৮। বর্তমানে প্ল্যাটফর্মটি প্রতি মাসে এক রফেকেরও বেশি অভিযোগ গ্রহণ করছে, যা ক্রমবর্ধমান ভোক্তা আস্থার প্রতিফলন। ২০১৭ সালে মাসিক গড় অভিযোগ নথিভুক্তির সংখ্যা ছিল ৩৭,০৬২, যা ২০২৫-এ বেড়ে দাঁড়িয়েছে ১,৭০,৫৮৫। ডিজিটাল মাধ্যম চালুর ফলে, হেল্পলাইনে প্রায় ৬৫ ভোক্তা অভিযোগ অনলাইন ও ডিজিটাল চ্যানেলের মাধ্যমে নথিভুক্ত হচ্ছে। হোয়াটসঅ্যাপের মাধ্যমে অভিযোগ নথিভুক্তির হারও উল্লেখযোগ্যভাবে বেড়েছে, মার্চ ২০২৬-এ যেখানে তা ছিল মাত্র ৩, মার্চ ২০২৫-এ তা বেড়ে দাঁড়িয়েছে ২০।এছাড়া, জুলাই ২০২৫-এ জাতীয় ভোক্তা হেল্পলাইন সফলভাবে ২৭-টি বিভিন্ন ক্ষেত্রে ৭,২৫৬টি ভোক্তা অভিযোগ নিষ্পত্তি করে মোট ২.৭২ কোটি টাকা ফেরতের ব্যবস্থা করেছে। এপ্রিল ২০১৫-এ যেখানে এই সংখ্যা ছিল ১,০৭৯ টি অভিযোগ ও ২৬২ লক্ষ টাকার ফেরত। জুলাই মাসে ই-কমার্স খাত বচিয়ে বেশি ফেরত সংক্রান্ত অভিযোগে শীর্ষে ছিল, ৩,৫৯৪-টি মামলায় মোট ২.১.৩৪ কোটি টাকা ফেরত দেওয়া হয়েছে। এরপরেই রয়েছে অন্নণ ও পর্যটন ক্ষেত্র, যেখানে ফেরতের পরিমাণ দাঁড়িয়েছে ২৩১ লক্ষ।Convergence উদ্যোগের আওতায়, কোম্পানিগুলিকে স্বেচ্ছায় ও বিনামূল্যে জাতীয় ভোক্তা হেল্পলাইনের সঙ্গে যুক্ত হচ্ছে, যাতে গ্রাহক অভিযোগ দ্রুত ও সৌহার্দ্যপূর্ণভাবে নিষ্পত্তি করা যায়। অভিযোগগুলি রিয়েল-টাইমে সংশ্লিষ্ট কোম্পানিতে পাঠানো হয় এবং কোম্পানিগুলিকে ৩০ দিনের মধ্যে জবাব দিতে হয়। ২০১৭ সালে যেখানে সংযুক্ত কোম্পানির সংখ্যা ছিল ২৬৩, ২০২৫ সালের সেপ্টেম্বর পর্যন্ত তা বেড়ে হয়েছে ১,১৪২, যা সময়মতো অভিযোগ নিষ্পত্তির জন্য সহযোগিতামূলক ব্যবস্থাকে আরও শক্তিশালী করেছে।

জন্মু-শ্রীনগর জাতীয় সড়কে ধস, ব্যাহত যান চলাচল

